



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

Website: www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/সংস্থা/ ৮২৫-৩-১/১৪ (৪) মসজিদ/তারিখ : ২৫/১১/২০১২ খ্রিঃ

পরিপত্র

বিষয় : বেসরকারী মাদরাসা শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় মামলার তদন্ত কমিটিতে সরকারি কর্মকর্তা অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০/০৩/২০১২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিটেশন কমিটির সুপারিশের ভিত্তিতে The Madrasah Education Ordinance, 1978 (Ord. No. IX of 1978) এর Section 17 প্রদত্ত ক্ষমতা বলে বোর্ডের ২৭/০৫/২০১২ খ্রিঃ তারিখের ১৬২তম সভার অনুমোদনের প্রেক্ষিতে বেসরকারী মাদরাসা শিক্ষকের চাকুরীবিধি-১৯৭৯ এর বিধি-১৪ (২) এ বেসরকারী মাদরাসা সমূহের শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় মামলা তদন্তের জন্য গঠিত কমিটির স্পষ্টকরণ ও স্বচ্ছতার নিমিত্ত ১ (এক) জন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২) বেসরকারী মাদরাসা শিক্ষকের চাকুরীবিধি-১৯৭৯ এর বিধি ১৪ (২) অনুযায়ী বিভাগীয় মামলা তদন্তের লক্ষ্যে ৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটিতে কর্মরত ১ (এক) জন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করে তদন্ত কমিটি গঠন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(প্রফেসর আতাউর রহমান খান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৮৬২৬১৩৮

বিতরণ :

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সকল।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কুমিল্লা/ চট্টগ্রাম/ রংপুর/ নয়মনসিংহ/ খুলনা/ সিলেট/ বরিশাল/ সিলেট।
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৭. প্রোগ্রামার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (পরিপত্রটি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রচার করার জন্য তাকে অনুরোধ করা হল)।
৮. জেলা শিক্ষা অফিসার, সকল।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল।
১০. অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদরাসা।
১১. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।